


“নিয়োগ বিজ্ঞপ্তি”

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-০৪-২০২১ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪০.১৫-৯৯ ও ২০-১২-২০২১ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪০.১৫-৩২১ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয় পটুয়াখালী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দাদের নিম্নে হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদেরনাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	কম্পিউটার অপারেটর	০১ (এক) টি	বেতন গ্রেড : ১৩ স্কেল : ১১০০০- ২৬৫৯০/-	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
০২	সীট-মুদ্রাক্ষরিক -কাম- কম্পিউটার অপারেটর	০৮ (আট) টি	বেতন গ্রেড : ১৪ স্কেল : ১০২০০- ২৪৬৮০/-	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশুটিং-এ দক্ষতা; (গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা; এবং (ঘ) শর্ট হ্যান্ড ও টাইপের গতি নিম্নরূপ: [শর্টহ্যান্ড প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা-৪৫, ইংরেজি-৭০ শব্দ এবং প্রতিমিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২৫ ও ইংরেজি টাইপ ৩০ শব্দ]
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১১ (এগার) টি	বেতন গ্রেড : ১৬ স্কেল : ৯৩০০- ২২৪৯০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ; এবং (ঘ) স্প্রেড শিট, প্রেজেন্টেশন-এ দক্ষতা।
০৪	হিসাব সহকারী	০৭ (সাত) টি	বেতন গ্রেড : ১৬ স্কেল : ৯৩০০- ২২৪৯০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ; এবং (ঘ) স্প্রেড শিট, প্রেজেন্টেশন-এ দক্ষতা।
০৫	সার্টিফিকেট সহকারী	০২(এক) টি	বেতন গ্রেড : ১৬ স্কেল ৯৩০০- ২২৪৯০/-	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২০ ও ইংরেজি টাইপ ২০ শব্দ; এবং (ঘ) স্প্রেডশিট, প্রেজেন্টেশন-এ দক্ষতা।

শর্তাবলী :

- ০১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০. ০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকুরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইটে অথবা জেলা প্রশাসকের কার্যালয় (www.patuakhali.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৪ (চার) কপি রশ্মি ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে নাম লিখতে হবে।
- ০২। আবেদন পত্র আগামী ১৪.০৭.২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর সরকারি ডাক যোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৩। পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ট্রেজারি চালানে সরকারি কোথাগারে/স্বাংকে কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ এ জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৪। প্রার্থীর বয়স ০১.০৭.২০২২ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৫। খামের উপর প্রার্থীকে পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ০৬। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
- ০৭। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৮। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- ১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নির্বাচিত প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখ পূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিট যুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ১৪। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদসমূহ সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল বরাবর দাখিল করতে হবে।
- ১৫। আবেদন ফরমের ১৭ নম্বর কলামে সীট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদের শর্টহ্যান্ড, কম্পিউটার অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, পদের প্রার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে (যে পদের জন্য যা প্রযোজ্য)।
- ১৬। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ১৭। আবেদন ফরমে প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।


০২/০৬/২০২২

(মোহাম্মদ কামাল হোসেন)

জেলাপ্রশাসক

পটুয়াখালী

ফোন-০২৪৭৮৮০৫৬৫

e-mail: dcpatuakhali@mopa.gov.bd